ইন্টারনেটের গ্রহণযোগ্য ব্যবহার ও সুরক্ষা নীতি
১৪ ফেব্রুয়ারি, ২০০১ তারিখে গৃহীত ডিপার্টমেন্ট-এর সিদ্ধান্ত বাস্তবায়ন
১ জুলাই, ২০১৩ তারিখে সংশোধিত

ইন্টারনেটের গ্রহণযোগ্য ব্যবহার ও সুরক্ষা নীতি (আইএইউএসপি)

নীতি

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন প্রযোজ্য আইনের সাথে সঙ্গতিবিধান করে ("**ডিপার্টমেন্ট**") অধীনস্থ সকল কর্মচারি, প্রতিনিধি (এজেন্ট), শিক্ষার্থী, এবং শিক্ষার্থীদের, যাদেরকে একত্রে "**ব্যবহারকারী**" (ইউজার) বলা হয়, তাদেরকে শিক্ষাগত ও দাপ্তরিক কাজে ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যবহারের সুযোগ প্রদান করে। ইন্টারনেটের গ্রহণযোগ্য ব্যবহার ও সুরক্ষা নীতি ("**নীতি**") ডিপার্টমেন্ট-এর ইমেইল ও ডিপার্টমেন্ট-প্রদত্ত ইন্টারনেট-এ প্রবেশের সুযোগসহ ইন্টারনেট সিস্টেম ব্যবহার করে ও সিস্টেমে প্রবেশ করে ব্যবহারকারীর সকল ইলেক্ট্রনিক কর্মকাণ্ডকে নিয়ন্ত্রিত করে, এবং তা ডিপার্টমেন্ট-এর নিজস্ব সম্পত্তির অন্তর্ভূত ও বর্হিভূত, উভয় বিষয়ের ক্ষেত্রে প্রযোজ্য হয়।

"**ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম**" বলতে বুঝায় ডিপার্টমেন্ট-এর ব্যবস্থাধীনে ডিপার্টমেন্ট-প্রদত্ত যন্ত্র, ইন্টারনেট সংযোগ (এর মধ্যে ওয়্যারলেস সংযোগ অন্তর্ভুক্ত), ডিপার্টমেন্ট-এর ইমেইল অ্যাকাউন্টি, ইন্ট্রানেট এবং ডিপার্টমেন্ট সিস্টেমের সাথে সংযুক্ত যেকোন দূরবর্তী সংযোগ। একজন ব্যবহারকারী, যে কোন বাস্তব অবস্থান থেকেই হোক না কেন, তাকে ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম-এ প্রবেশ করেছেন এবং ব্যবহার করেছেন বলে ধরা হবে, যদি তিনি কোন যন্ত্র (তা ডিপার্টমেন্ট প্রদত্ত হোক বা না হোক) দ্বারা ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যবহারের মাধ্যমে ইলেকট্রনিক কর্মকাণ্ড পরিচালনা করে থাকেন।

"**ডিপার্টমেন্ট-প্রদত্ত যন্ত্র**" বলতে বুঝায় যে কোন ইলেক্ট্রনিক যন্ত্র যা ডিপার্টমেন্ট প্রদান করে, যার অন্তর্ভুক্ত হতে পারে ডেস্কটপ কমপিউটার, ল্যাপটপ, হাতে বহন করা যায় এমন যন্ত্র যেমন পারসোন্যাল ডিজিট্যাল অ্যাসিস্ট্যান্ট (পিডিএ), স্মার্টফোন, আইপ্যাড, ট্যাবলেট এবং ই-রিডার ইত্যাদি।

শিক্ষার্থীর ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যবহার নিয়ন্ত্রিত হয় এই নীতি, ডিপার্টমেন্ট-এর প্রবিধান, বিধি-নিষেধের রূপরেখা, আচরণ ও অভিন্ন শৃঙ্খলাবিধানজনিত পদক্ষেপের সিটিভিত্তিক মান ("**আচরণ বিধি**") এবং প্রযোজ্য আইন দ্বারা। কর্মচারি ব্যবহার নিয়ন্ত্রিত হয় এই নীতি, ডিপার্টমেন্ট-এর প্রবিধান, বিধি-নিষেধের রূপরেখা, ডিপার্টমেন্ট-এর নিয়োগ-বিধি, প্রযোজ্য যৌথ দরকষাকষি চুক্তি এবং প্রযোজ্য আইন দ্বারা।

ডিপার্টমেন্ট-এর সিস্টেম ব্যবহার করে কোন ব্যবহারকারী নিচের নীতি ও ডিপার্টমেন্ট-এর সকল প্রযুক্ত প্রবিধান, নিয়ম ও রূপরেখা অনুসরণ করবেন বলে সম্মতি প্রকাশ করেন। নেটওয়ার্ক বা ইন্টারনেট বা এই নীতি ভঙ্গকারী কোন যোগাযোগের ক্ষেত্রে কোন অপব্যবহারের ঘটনাকে অবশ্যই সকল ব্যবহারকারীকে কোন শিক্ষক, সুপারভাইজার বাং ডিপার্টমেন্ট-এর কোন কর্মকর্তার কাছে অবহিত করতে হবে।

ইন্টারনেটের গ্রহণযোগ্য ব্যবহার ও সুরক্ষা নীতির আদর্শ

সাধারণ

ডিপার্টমেন্ট-এর দেওয়া ইন্টারনেট এবং ইমেইল ব্যবহারের সুযোগ দেওয়ার উদ্দেশ্য শিক্ষাগত কাজে তা ব্যবহার করা, শিক্ষানির্দেশনা দেওয়া, গবেষণা করা এবং যোগাযোগ, সহযোগিতা এবং ডিপার্টমেন্ট সংক্রান্ত অন্যান্য কাজে সহায়তা করা। ক্লাসরুম এবং/অথবা পেশাগত কাজের ক্ষেত্রে সকল ব্যবহারকারীগণ একই মাপকাঠিতে বিবেচিত হবে বলে প্রত্যাশিত।

নজরদারি ও গোপনীয়তা

ডিপার্টমেন্ট-এর সিস্টেম ব্যবহারকালে ব্যবহারকারীর গোপনীয়তার কোন অধিকার নেই। ডিপার্টমেন্ট ব্যবহারকারীর অনলাইন কর্মকাণ্ড নজরদারি করে এবং ব্যবহারকারীর ইলেক্ট্রনিক ফাইল দেখার, পর্যালোচনা করার, কপি করার, সংরক্ষণ করার বা মুছে ফেলার অধিকার সংরক্ষণ করে। এর অন্তর্ভুক্ত আছে ডিপার্টমেন্ট প্রদত্ত যন্ত্রে সংরক্ষিত যে কোন বিষয়বস্তু, যেমন ফাইল, ইমেইল এবং ইন্টারনেট ব্যবহারের বিবরণ।

ডিপার্টমেন্ট-এর অধিকার আছে ইলেক্ট্রনিক যোগাযোগসহ যেকোন ইলেক্ট্রনিক কর্মকাণ্ড আইনপ্রয়োগকারী কর্মকর্তা বা প্রযোজ্য ক্ষেত্রে এবং আইন অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ হলে তৃতীয় কোন পক্ষের কাছে হস্তান্তর করার। ডিপার্টমেন্টের ইন্টারনেট সিস্টেম ব্যবহার করে কোন বেআইনি কর্মকাণ্ড সংক্রান্ত বিষয় বা তার সাথে সংশ্লিষ্ট কোন বিষয়ে আইনগত অনুসন্ধানের জন্য স্থানীয়, স্টেট বা ফেডারেল অফিসারদের সাথে ডিপার্টমেনট পূর্ণ সহায়তা দেবে।

ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম-এর নিষিদ্ধ ব্যবহার

ডিপার্টমেন্ট-এর সিস্টেম-এ প্রবেশ করার বা সিস্টেম ব্যবহার করার সময় ব্যবহারকারী এমন কোন কর্মকাণ্ডে নিযুক্ত হতে পারবে না যা এই নীতি অনুযায়ী নিষিদ্ধ।

কোন ব্যবহার নিষিদ্ধ কি-না, সে ব্যাপারে কোন ব্যবহারকারী নিশ্চিত হতে না পারেনে তাকে একজন শিক্ষক, তত্ত্বাবধানকারী বা ডিপার্টমেন্ট-এর কোন দায়িত্বশীল কারো সাথে যোগাযোগ করতে হবে। ডিপার্টমেন্ট যদি এমন কোন কর্মকাণ্ড দেখে যা (১) ডিপার্টমেন্ট, শিক্ষার্থী, কর্মচারি, স্কুল, নেটওয়ার্ক বা কমপিউটারের তথ্য-উপাত্তের সুরক্ষা এবং/অথবা নিরাপত্তা ব্যবস্থায় সমস্যা সৃষ্টি করে কিংবা (২) ডিপার্টমেন্ট যদি নিশ্চিত হয় যে যথাযথ শিক্ষাগত বৈধতা নেই এমন ক্ষেত্রে কিংবা উদ্দেশ্যে ডিপার্টমেন্ট-এর কোন তথ্য-উপকরণের ব্যবহার করা হয় কিংবা (৩) ডিপার্টমেন্ট নিশ্চিত হয় তা বেমানান, তাহলে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে।

নিচে নিষিদ্ধ ব্যবহারের উদাহরণের কিছু তালিকা দেওয়া হলো যা পূর্ণাঙ্গ নয়:

1. অন্যদের ক্ষতির কারণ হওয়া, তাদের কিংবা ডিপার্টমেন্ট-এর সম্পত্তি নষ্ট করা, যেমন:

    a. ইমেইল বার্তায়, ডিপার্টমেন্ট-এর ওয়েবপেজ-এ পোস্ট করা কোন কিছুতে, কিংবা পেশাদারদের সোশ্যাল মিডিয়া সাইট-এ অশ্লীল, উত্তেজক, ইতরামিপূর্ণ, হুমকিস্বরূপ, কিংবা অপমানজনক ভাষা ব্যবহার করা;
    b. এমনসব তথ্য দেখা, ব্যবহার করা, পোস্ট করা বা বিতরণ করা যা পর্নোগ্রাফিক বা অশ্লীল, বেআইনি বা বিপজ্জনক কাজকে সমর্থন করে কিংবা বিদ্বেষ বা বৈষম্যের প্রসার ঘটায়। ব্যবহারকারী যদি অনবধানবশত এ ধরনের তথ্য দেখে থাকেন, তাহলে তাকে সাথে সাথে তাদের স্কুল বা সেন্ট্রাল ডিভিশন অফিসে অনবধানবশত ব্যবহারের কথা যথাপ্রয়োজ্য নিয়ম অনুযায়ী জানাতে হবে;
    c. হয়রানিমূলক, বৈষম্যমূলক, প্ররোচনামূলক, বা বিদ্বেষমূলক বিষয় দেখলে, পোস্ট করলে বা বিতরণ করলে, কিংবা অন্যদের সম্পর্কে মানহানিকর বা মিথ্যা বিবৃতি দিলে;
    d. পত্রশৃঙ্খল বা স্প্যাম (ভূয়া ইমেইল) কিংবা এ ধরনের অন্য কোন বিষয় পাঠানো, পোস্ট করা;
    e. কমপিউটার ভাইরাস ছড়িয়ে দিয়ে, ড্যাটা, সফটওয়্যার বা যন্ত্র ধ্বংস করা, অন্যের ইলেক্ট্রনিক সম্পত্তি ধ্বংস করা বা অকেজো করে দেওয়া, কিংবা ডিপার্টমেন্ট-এর শিক্ষাগত বা দাপ্তরিক পরিবেশকে নষ্ট করার মতো বিপদ ঘটানোর মতো কোন কাজে নিযুক্ত হওয়াসহ কমপিউটার যন্ত্র, ফাইল, ড্যাটা বা অন্য কোনভাবে ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ধ্বংস করা;
    f. ব্যবহারকারীর বা অন্যদের লেখাপড়া বা ব্যবহারকারীর বা অন্য কারো চাকরির কাজে প্রতিবন্ধকতা সৃষ্টি করে, এমনভাবে ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যবহার করা;
    g. প্রযোজ্য কপিরাইট আইন ভঙ্গ করে সঙ্গীত, ছবি, ভিডিও বা অন্য কোন বিষয়বস্তু নকল করা বা বিতরণ করা, ডাউনলোড করা, পোস্ট করা। কোন সঙ্গীত, ছবি এবং/অথবা ভিডিও শুধু ডিপার্টমেন্ট-এর জন্য ডাউনলোড করা যেতে পারে, কোনভাবেই ব্যক্তিগত কাজে তা করা যাবে না। কোন কাজ সুনির্দিষ্টভাবে কি করে করতে হবে তা উল্লেখ করা থাকলে ব্যবহারকারীকে উল্লিখিত সে শর্তগুলো অনুসরণ করতে হবে। কোন কাজ/বিষয়বস্তু ব্যবহার করা যাবে কি না, সে ব্যাপারে ব্যবহারকারী নিশ্চিত হতে না পারলে তাকে কপিরাইট বা ট্রেডমার্ক-এর মালিকের কাছে অনুমতি চাইতে হবে; কিংবা
    h. নকল করা। নকল করার অর্থ হলো অপরের ভাব বা লেখা চুরি করা এবং সেগুলোকে ব্যবহারকারীর নিচের বলে প্রকাশ করা।

2. ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম-এ, কিংবা তৃতীয় কোন পক্ষের কমপিউটার সিস্টেমে অননুমোদিতভাবে প্রবেশ করা বা প্রবেশের চেষ্টা করা, যেমন:

    a. অসদুদ্দেশ্যে টেম্পারিং, ফিশিং বা হ্যাকিং (কমপিউটার অকেজো করা) কর্মকাণ্ড;
    b. অন্য ব্যবহারকারীর নিজস্ব পাসওয়ার্ড উদ্দেশ্যপ্রণোদিতভাবে বের করার চেষ্টা করা;
    c. ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম-এর জন্য কোন ব্যবহারকারীর পাসওয়ার্ড অন্য ব্যক্তিকে জানিয়ে দেওয়া। তবে, শিক্ষার্থী তাদের ডিপার্টমেন্ট পাসওয়াররর্ড তাদের পিতামাতাদেরকে জানাতে পারে।
    d. অন্যদের জন্য নির্দিষ্ট পাওয়ার্ড পরিবর্তন করা;
    e. অন্য কোন ব্যক্তির অ্যাকাউন্ট ব্যবহার করে লগ ইন করার চেষ্টা করা;
    f. ডিপার্টমেন্ট কর্তৃক ব্লক করা বা আটক করে দেওয়া বিষয়বস্তুতে যাওয়ার চেষ্টা করা;
    g. অন্য ব্যবহারকারীর ফাইল অনুমতি ছাড়া দেখা, কপি করা, কিংবা পরিবর্তন করা;
    h. অপর কোন ব্যবহারকারী হয়ে কাজ করা;
    i. ব্যবহারকারী যে সনাক্তকরণ তথ্য বা পাসওয়ার্ড ব্যবহার করছেনে, তার মালিক ব্যবহারকারীর নন;
    j. ব্যবহারকারী এমন কাজ করছেন যাতে অন্যদের অ্যাকাউন্ট-এ প্রবেশ করা বা কমপিউটার নেটওয়ার্ক ব্যবহার করা সমস্যাক্রান্ত হয়।

3. ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম বাণিজ্যিক কাজে ব্যবহার করা, যেমন:

   a. ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যক্তিগ আর্থিক লাভের উদ্দেশ্যে ব্যবহার করা;
   b. লাভজনক ব্যবসায়ীক কর্মকাণ্ড পরিচালনা করা, ব্যক্তিগত প্রচার করা, কিংবা অন্যান্য ডিপার্টমেন্ট বহির্ভূত বাণিজ্যিক যোগাযোগ করা;
   c. তহবিল সংগ্রহে নিয়োজিত হওয়া (চ্যান্সেলরের প্রবিধান এ-৬১০ প্রতিষ্ঠিত নীতি অনুযায়ী ছাড়া); কিংবা
   d. কোন নির্বাচিত কর্মকর্তা, প্রার্থী, একাধিক প্রার্থী, প্রার্থী পরিষদ কিংবা কোন রাজনৈতিক সংগঠন বা কমিটির পক্ষে ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যবহার করা।

4. কোন অপরাধমূলক বা অন্য কোন বেআইনি কর্মাকণ্ডে নিয়োজিত হওয়া।

ফিল্টারিং

চিল্ড্রেন ইন্টারনেট প্রটেকশন অ্যাক্ট (**"সিআইপিএ"**) অনুযায়ী, ডিপার্টমেন্ট ইন্টারনেট-এর যেসব বিষয়বস্তুকে নাবালকদের জন্য অনুপযুক্ত বিবেচনা করে, সেগুলোকে ডিপার্টমেন্ট ব্লক (রুদ্ধ) বা ফিল্টার (পরিশ্রুতকরণ) করে। এগুলোর মধ্যে আছে পর্নগ্রাফি, অশ্লীল উপাদান, এবং অন্য কোন বিষয়বস্তু যা নাবালকদের জন্য ক্ষতিকর হতে পারে। এছাড়াও ডিপার্টমেন্ট অন্যান্য বিষয়বস্তু ব্লক বা ফিল্টার করতে পারে যেগুলোকে তারা মনে করতে পারে অনুপযুক্ত, শিক্ষা বা কাজের সাথে সম্পর্কহীন কিংবা নেটওয়ার্ক-এর জন্য ঝুঁকিপূর্ণ। ডিপার্টমেন্ট ইচ্ছা করলে কিছু কিছু প্রকৃত গবেষণা ও অন্যান্য আইনসিদ্ধ বা বাণিজ্যিক কাজে ব্যবহারকারীদের জন্য এসব ফিল্টার অকার্যকর রাখতে পারে।

ব্যবহারকারী কোন কোন বেআইনি কর্মকাণ্ড পরিচালনার লক্ষ্যে নেটওয়ার্কের ফিল্টারিং ব্যবস্থাকে পাশ কাটানোর জন্য কোন ওয়েবসাইট, অ্যাপ্লিকেশন, কিংবা মেথড ব্যবহার করতে পারবে না।
সিআইপিএ সম্পর্কে অধিক তথ্যের জন্য নিচের লিংক দেওয়া ওয়েবসাইট দেখুন:

http://www.fcc.gov/guides/childrens-internet-protection-act

ব্যক্তিগতভাবে সনাক্তকরণকারী ও গোপনীয় তথ্য সুরক্ষা

ফ্যামেলি এডুকেশন রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (শিক্ষার অধিকার ও গোপনীয়তা বিধি **"এফইআরপিএ"**) ডিপার্টমেন্ট-এর স্কুল কর্মকর্তাদেরকে ডিপার্টমেন্ট-এর শিক্ষাগত তথ্যের রেকর্ড থেকে পিতামাতার অনুমতি ছাড়া ডিপার্টমেন্ট-এর শিক্ষক ও পরিবারের ব্যক্তিগত সনাক্তকরণকারী তথ্য (**"পিআইআই"**) তৃতীয় পক্ষের কাছে হস্তান্তরে বারণ করে। তবে এই সাধারণের নিয়মের ক্ষেত্রে কিছু ব্যতিক্রম প্রযোগযোগ্য।

ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম-এর সকল ব্যবহারকারীকে অবশ্যই এফইআরপিএ এবং চ্যান্সেলরের প্রবিধান এ-৮২০, শিক্ষার্থীর রেকর্ড প্রকাশের ব্যাপারে গোপনীয়তা; রেকর্ড সংরক্ষণ। কোন্ কর্মকাণ্ড এফইআরপিএ বা চ্যান্সেলরের প্রবিধান এ-৮২ অনুসারে সামঞ্জস্যপূর্ণ, সে ব্যাপারে নিশ্চিত হতে না পারলে অনুগ্রহ করে ডিপার্টমেন্ট-এর চিফ ইনফরমেশন সিকিউরিটি অফিসার-এর সাথে যোগাযোগ করুন।

ডিপার্টমেন্ট-এর অ্যাটর্নির সাথে অভ্যন্তরীন যোগাযোগও হতে হবে গোপনীয়। সে অনুযায়ী এ ধরনের কোন বার্তা অ্যাটর্নির সাথে প্রথমে যোগাযোগ না করে ব্যবহারকারী অন্য কারো কাছে হস্তান্তর করতে বা বিতরণ করতে পারবেনা। ব্যবহারকারীকে নিশ্চিত করতে হবে যে, যে ইমেইলে গোপনীয় তথ্যসহ কোন সংযুক্তি থাকে তা যেনো উদ্দীষ্ট গ্রাহকের জন্যই নির্দিষ্ট হয়।

শিক্ষার্থীদের ইন্টারনেট সুরক্ষা

1. ডিপার্টমেন্ট-এর দায়দায়ীত্ব:

   a. ডিপার্টমেন্ট অন্যদের সাথে সামাজেক নেটওয়ার্ক ওয়েবসাইট ব্যবহার করে যোগাযোগ এবং চ্যাট (আড্ডা) রুম এবং সাইবারবুলি (অনলাইনে হয়রানি) সচেতনতা ও প্রতিবিধানসহ উপযুক্ত অনলাইন আচরণের নির্দেশনা প্রদান করবে।

   b. ডিপার্টমেন্ট ইলেক্ট্রনিক মেইল ব্যবহার, চ্যাট রুমে আড্ডা এবং অন্য কোন ধরনের ইলেক্ট্রনিক যোগাযোগের সময় নাবালকদের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য কাজ করবে।

   c. যথোপযুক্ত ক্ষেত্রে ডিপার্টমেন্ট শিক্ষার্থী, স্কুলকর্মী এবং পিতামাতাদেরকে শিক্ষার্থীদের ইন্টারনেট ব্যবহারকালে নিরাপত্তার রূপরেখা ও শিক্ষানির্দেশনা প্রদ্রান করবে।

Department of Education

2. যেসব শিক্ষার্থী ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যবহার করছে

   a. শিক্ষার্থীরা ইন্টারনেটের মাধ্যমে সোশ্যাল নেটওয়ার্ক সাইট, চ্যাট রুম, ইমেইল কিংবা অন্যান্য প্রত্যক্ষ ইলেক্ট্রনিক যোগাযোগে বা অন্য কোন ফোরামে কোনভাবেই নিজেদের অথবা অন্য কারো ব্যক্তিগত তথ্য প্রকাশ করতে পারবে না। যেমন, শিক্ষার্থীরা কোনভাবেই তাদের বাড়ির ঠিকানা, কিংবা তাদের ফোন বা সেলফোন নম্বর প্রকাশ করতে পারবে না। শিক্ষার্থীরা কখনই নিজেদের ফটো কিংবা অন্যদের প্রতিকৃতি প্রদর্শন করতে পারবে না।

   b. শিক্ষার্থীরা কখনও শুধু ইন্টারনেট-এ পরিচিত হওয়া কারো সাথে সশরীরে দেখা করতে পারবে না।

   c. শিক্ষার্থীরা যখনই তাদের জন্য উপযুক্ত নয় কিংবা তাদেরকে অস্বস্তিকর অবস্থায় ফেলে, এমন কোন বার্তা বা কর্মকাণ্ড দেখবে, তখন তাদেরকে সাথে সাথেই তাদের শিক্ষক বা অন্য কোন স্কুলকর্মীর কাছে অবশ্যই জানাতে হবে।

   d. শিক্ষার্থীদের ডিপার্টমেন্ট-এর কমপিউটারে তাদের পাসওয়ার্ড সংরক্ষণের ব্যাপারে সম্মতি দেওয়া ঠিক নয়।

3. যেসব শিক্ষকরা ক্লাসের কর্মকাণ্ডের জন্য সোশ্যাল মিডিয়াসহ ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যবহার করছেন

   a. অন্যদের সাথে সামাজিক নেটওয়ার্ক ওয়েবসাইট যথোপযুক্ত পন্থায় ব্যবহার করে যোগাযোগ এবং চ্যাট (আড্ডা) রুম ব্যবহার করা এবং সাইবারবুলি (অনলাইনে হয়রানি) সচেতনতা ও প্রতিবিধানসহ উপযুক্ত অনলাইন আচরণের যথাযথ নির্দেশনা শিক্ষকগণ প্রদান করবেন। শিক্ষকদেরকে ডিপার্টমেন্টস সিটিজেনশিপ ইন দা ডিজিটাল এজ গাইড এবং ইন্টারনেট নিরাপত্তা সম্পর্কে জানার জন্য ইন্টারনেট-এ ফ্রি পাওয়া যায় এমন বিষয়বস্তু দেখোর পরামর্শ প্রদান করতে হবে।

   b. সোশ্যাল মিডিয়া

      - "**সোশ্যাল মিডিয়া**" বলতে বুঝায় সোশ্যাল নেটওয়ার্ক, ব্লগ, ইন্টারনেট ওয়েবসাইট, ইন্টারনেট ফোরাম, এবং উইকিস, ইত্যাদিসহ যে কোন ধরনের অনলাইন প্রকাশনা বা উপস্থিতি বা আদান-প্রদানমূলক যোগাযোগ ইত্যাদি। সোশ্যাল মিডিয়ার নমুনার মধ্যে আছে ফেসবুক, টুইটার, ইউটিউব, গুগলপ্লাস, এবং ফ্লিকার, তবে তা শুধু এগুলোর মধ্যেই সীমিত নয়।
      - স্কুলগুলো বিভিন্ন ধরনের অনলাইন ওয়েব-ভিত্তিক আদান-প্রদানমূলক যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে যাতে শিক্ষার্থীরেদ শিক্ষা এবং জ্ঞান বৃদ্ধি পায়। সোশ্যাল মিডিয়া সাইটগুলোক অবশ্যই ব্যবহার করতে হবে শুধু শিক্ষাগত ও স্কুল সংক্রান্ত উদ্দেশ্যে, অনুশীলনী এবং প্রদত্ত কাজগুলো করা এবং শিক্ষক ও অন্যান্য শিক্ষার্থীদের সাথে যোগাযোগ রাখার সাথে সম্পর্কিত কাজে।
      - ডিপার্টমেন্ট এসব সাইট দেখা ডিপার্টমেন্ট-এর অন্তর্ভুক্ত ব্যক্তি এবং ডিপার্টমেন্ট-এর স্কুল কর্মকর্তাদের মধ্যে সীমিত করে। যদি কোন সোশ্যাল মিডিয়া সাইট দেখার ক্ষেত্রে ডিপার্টমেন্ট-এর অভ্যন্তরস্থ ব্যক্তি ও ডিপার্টমেন্ট বা ডিপার্টমেন্ট-এর স্কুলের কর্মকর্তাদের গণ্ডি ছাড়িয়ে যায়, তাহলে পিতামাতাদের অনুমতির প্রয়োজন হবে।
      - যদি ইন্টারনেট ব্যবহারের মধ্যে সোশ্যাল মিডিয়া সংক্রান্ত কর্মকাণ্ড অন্তর্ভুক্ত থাকে, তাহলে শিক্ষকদেরকে অবশ্যই এই পলিসিতে অন্তর্ভুক্ত ডিপার্টমেন্ট-এর সোশ্যাল মিডিয়া গাইডলাইন মেনে চলার পরামর্শ দিতে হবে।

4. পিতামাতা:

   a. যদিও শিক্ষার্থীরা যখন ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যবহার করে, তখন সাধারণত তত্ত্বাবধানের অধীনে থাকে, তবুও বাস্তবিকপক্ষে ডিপার্টমেন্ট-এর জন্য শিক্ষার্থীদের ইন্টারনেট ব্যবহারে বিশাল বিস্তৃত সামাজিক মূল্যবোধকে তত্ত্বাবধান করা ও প্রয়োগ করা সম্ভব নয়। পিতামাতাগণ প্রাথমিকভাবে তাদের সুনির্দিষ্ট পারিবারিক মূল্যবোধের ধারণাটিকে তাদের সন্তানদের মধ্যে প্রবাহিত করার এবং ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যবহার করে কোন্ ধরনের বিষয়বস্তু তাদের সন্তানদের জন্য গ্রহণযোগ্য এবং গ্রহণযোগ্য নয়, সে ব্যাপারে আলোচনা করার জন্য দায়বদ্ধ।

   b. সন্তান যখন বাড়ি থেকে বা স্কুলের বাইরে কোন স্থান থেকে ডিপার্টমেন্ট-এর ওয়েবসাইট ব্যবহার করবে, তখন সন্তানদের ইন্টারনেট ব্যবহারকে তত্ত্বাবধান করার জন্য একচ্ছত্রভাবে দায়বদ্ধ হলেন পিতামাতা। বাড়ি থেকে ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যবহারকালে ইন্টারনেট দেখা নিয়ন্ত্রিত করার জন্য ডিপার্টমেন্ট তার ফিল্টারিং সিস্টেম বহাল করতে পারে কিংবা না-ও পারে। পিতামাদেরকে স্কুলে বা ডিপার্টমেন্ট-এ খোঁজ নিতে হবে।

এই পলিসির লঙ্ঘন

সেন্ট্রাল অফিস ও স্কুলসহ ডিপার্টমেন্ট যেকোন ব্যবহারকারীকে ডিপার্টমেন্টে-এর ইমেইল দেখার সুযোগসহ ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যবহরের সুযোগকে যে কোন সময় নিষিদ্ধ করার অধিকার সংরক্ষণ করে।

যদি কোন শিক্ষার্থী এই নীতি লঙ্ঘন করে, তাহলে শৃঙ্খলাবিধির এবং প্রযোজ্য চ্যান্সেলরের প্রবিধান অনুযায়ী উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। যদি কোন শিক্ষার্থীর ডিপার্টমেন্ট-এর ইন্টারনেট সিস্টেম ব্যবহারের অধিকার কেড়ে নেওয়া হয়, তাহলে শিক্ষার্থীকে প্রাতিষ্ঠানিক দিক দিয়ে শাস্তি দেওয়া যাবে না িএবং ডিপার্টমেন্ট সে শিক্ষার্থী যে শিক্ষাগত কর্মসূচিতে অব্যাহতভাবে অর্থবহ অংশগ্রহণের সুযোগ লাভ করছে, সেটা নিশ্চিত করবে।

কর্মচারিগণ এই নীতি লঙ্ঘন করলে সেটাতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

যদি কোন তথ্য লাভ করেন যা অনুপযোগী বা যা তাদেরকে অস্বস্তির মধ্যে ফেলে দেয়, তাহলে ব্যবহারকারীকে অবশ্যই সাথে সাথে তাদের শিক্ষক, তত্ত্বাবধায়ক, প্রিন্সিপ্যাল বা ম্যানেজারকে জানাতে হবে।

দায়বদ্ধতার সীমা

প্রদত্ত সার্ভিসের মান সম্পর্কে ডিপার্টমেন্ট কোন নিশ্চয়তা দেয় না এবং নেটওয়ার্ক বা অ্যাকাউন্ট ব্যবহারের ফলস্বরূপ কোন দাবি, ক্ষয়-ক্ষতি, মূল্য কিংবা অন্য কোন ধরনের বাধ্যবাধকতার ব্যাপারে ডিপার্টমেন্ট দায়বদ্ধ নয়। কোন ব্যবহারকারীকে যদি ডিপার্টমেন্ট-এর নেটওয়ার্ক ব্যবহারের জন্য কোন বাড়তি মূল্য দিতে হয়, তাহলে সেটা ব্যবহারকারীকে বহন করতে হবে। এছাড়াও ব্যবহারকারীকে প্রদত্ত সুযোগে প্রাপ্ত সকল তথ্যের সঠিকতা বা মান সম্পর্কে ডিপার্টমেন্ট-এর কোন দায় নেই। কোন বিবৃতি, যা কমপিউটার নেটওয়ার্ক বা ইন্টারনেট ব্যবহার করে পাওয়া যায়, সেটাকে লেখকের দৃষ্টিকোণ থেকে বুঝে নিতে হবে এবং এর সাথে ডিপার্টমেন্ট, এর কোন অংশ বা কর্মচারির কোন সম্পর্ক নেই।

এই নীতিটির কপি এবং অনুসন্ধান

এই নীতি প্রয়োজনানুসারে যে কোন সময় পরিবর্তনের এবং/অথবা সংশোধনের অধিকার ডিপার্টমেন্ট-এর রয়েছে। অনুরোধসাপেক্ষে এই পলিসি পাওয়া যাবে এবং তা ডিপার্টমেন্ট-এর ওয়েবসাইটে নিচে দেওয়া লিংক-এ পাওয়া যাবে http://schools.nyc.gov/Offices/EnterpriseOperations/DIIT/WebServices/iaup/default.htm#preamble।

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

NYC Department of Education
Office of Communications & Media Relations
52 Chambers Street, Room 314
New York, NY 10007
Phone: 212-374-5141
Fax: 212-374-5584